শোকবার্তা

৬ মে ২০২৩

অত্যন্ত দুঃখের সাথে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ডা. দীপু মনি এম.পি. মহোদয়ের আম্মা রহিমা ওয়াদুদ অদ্য ৬ মে ২০২৩ তারিখ শনিবার বেলা ১১:৫৫ টায় রাজধানীর কলাবাগানস্থ তার নিজ বাসভবনে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুর সময় তাঁর বয়স হয়েছিল ৮৯ বছর। তাঁর মৃত্যুতে শিক্ষা মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারীগণ গভীরভাবে শোকাহত। শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষ হতে মরহুমের রূহের মাগফিরাত কামনা করছি এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করছি।

উল্লেখ্য যে, আগামীকাল ৭ মে ২০২৩ তারিখ রবিবার বাদ আছর রাজধানীর কলাবাগান ক্রীড়াচক্র মাঠে মরহুমার নামাজে জানাজা অনুষ্ঠিত হবে এবং বনানী কবরস্থানে দাফন করা হবে।

এম এ খায়ের

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

শিক্ষামন্ত্রণালয়

